# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**08 FEBRUARY 2025 7:35 AM IST**

====================================================

সরকার দক্ষতা ভারত কার্যসূচীর জন্য ৮ হাজার ৮০০ কোটি টাকায় অনুমোদন জানিয়েছে । ২০২২-২৩ থেকে ২০২৫-২৬ সাল পর্যন্ত সময়কালের জন্য এই কার্যসূচীর প্রসারের জন্য এই অর্থে অনুমোদন জানানো হয়েছে ।নতুনদিল্লীতে গতকাল কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বনী বৈষ্ণ বলেছেন যে প্রয়োজন অনুযায়ী দক্ষতা বিকাশের ক্ষেত্রে সরকার বিশেষ করে গুরুত্ব আরোপ করা সহ গুণগতমান সম্পন্ন দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে ওসরকার গুরুত্ব দিচ্ছে । শ্রী বৈষ্ণ জানান যে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা চতুর্থ পর্যায় , প্রধানমন্ত্রী ন্যাশনেল এপ্রেনটিসশিপ প্রমোশন প্রকল্প ও জনশিক্ষণ সংস্থান প্রকল্পকে বর্তমানে এই প্রকল্পের অধীনে একত্রিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার জনজাতি অঞ্চলগুলিতে স্বাস্থ্যসেবার সুবিধা উন্নত করার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করেছে । লোকসভায় গতকাল এক প্রশ্নের উত্তরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা বলেন যে রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলোর জন্য সরকারের পূর্ন সমর্থনে কেন্দ্রশাসিত সরকার দেশের সব নাগরিক বিশেষ করে জনজাতি অঞ্চলগুলিতে বসবাস করা লোকেরা উৎকৃষ্ট চিকিৎসার সুবিধা লাভ করবে বলে নিশ্চিত করেছে ।স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া পেটেল অন্য আরেকটি প্রশ্নের উত্তরে বলেন যে গত ৩০ বছরে বিশ্বে প্রসূতি মৃত্যুর হার ৪২ শতাংশ হ্রাস পেয়েছে কিন্তু তুলনামূলকভাবে ভারতে প্রসূতি মৃত্যুর হার ৮৩ শতাংশ হ্রাস পেয়েছে ।

---

রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য গতকাল গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রের মাধবদেব আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে তিনদিন ব্যাপী আয়োজিত ভারত বোধ সম্মেলন উদ্বোধন করেন ।ভারতের সমৃদ্ধ সভ্যতা সংস্কৃতির গভীর অধ্যয়ন তথা এর অবদান সম্পর্কে বিশ্বের শিক্ষাক্ষেত্রে পর্যালোচনা করতে দেশের বেশ কয়েকটি প্রথমসারির শিক্ষা প্রতিষ্ঠান এই সম্মেলনের আয়োজন করেছে ।অনুষ্ঠানে রাজ্যপাল শ্রী আচার্য জ্ঞানের কেন্দ্ররূপে ভারতের ভূমিকার ওপর আলোকপাত করে দেশের প্রজ্ঞা সম্পর্কীত পরম্পরা সমগ্র বিশ্বকে প্রভাবিত করছে বলে জানান ।বিশ্বের অন্যান্য প্রান্ত যখন অজ্ঞতার অন্ধকারে নিমজ্জিত ছিল তখন ভারতের মুণি-ঋষিরা সর্বোচ্চ পর্যায়ের জ্ঞানের প্রসার ঘটিয়েছিলেন বলে তিনি মন্তব্য করেন ।

---

উমরাংশুর কয়লা খনিতে বেশ কয়েকজন শ্রমিকের মৃত্যুর ঘটনা সম্পর্কে গুয়াহাটী হাইকোর্টের জনস্বার্থ জড়িত আবেদন সম্পর্কে গতকাল শুনানী গ্রহণ করা হয় ।এই শুনানীতে রাজ্য সরকার একটি শপথনামা দাখিল করে ।আসাম সরকারের পক্ষ থেকে প্রবীণ আইনজীবি দেবজিৎ শইকিয়ার দাখিল করা এই শপথনামায় সংশ্লিষ্ট এলাকা সমুহতে অবৈধ কয়লা খনন প্রতিরোধ করার জন্য সরকারের গ্রহণ করা পদক্ষেপ সমুহ সন্নিবিষ্ট করা হয়েছে ।হাইকোর্ট উমরাংশুর ঘঠনা সম্পর্কে রুজু করা মামলায় ডিমা হাসাও স্বশাসিত পরিষদকে পক্ষ হিসেবে অর্ন্তভুক্ত করার নির্দেশ দিয়েছে ।

---

উত্তরাখন্ডে আয়োজিত ৩৮ তম জাতীয় ক্রীড়াপ্রতিযোগীতায় লন বলে গতকাল আসাম তিনটি পদক জয় নিশ্চিত করেছে । নয়নমণি শইকিয়া ও বন্দিতা হাজারিকার মহিলা ডাবলস জুটি সহ পুরুষের একক শাখায় পুতুল সণোয়াল তথা মেন ফর্সে বিতোপন রাভা , অমল টেরণ , বিমান নাথ ও বিশ্বনাথ খাউন্দ সেমিফাইনালে প্রবেশ করেছে ।এদিকে গতকাল অলিম্পিক পদক জয়ী বক্সার লাভলীনা বরগোহাই এবং উদীয়মান বক্সার অংকুশিতা বড়ো বক্সিংয়ের নিজ নিজ শাখায় সোনার পদক অর্জন করেছে ।

---

শ্রীভূমি জেলায় খেল মহারনের দ্বিতীয় পর্বের জোনাল পর্য্যায়ের প্রতিযোগীতা আগামী মঙ্গলবার থেকে শ্রীভূমি শহরের জেলা ক্রীড়া সংস্থার সুইমিং পুলে অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ক্রিড়া সংস্থার আধিকারীক জানিয়েছেন যে আগামী মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত সাঁতার প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । ইচ্ছুক প্রতিযোগীদের আগামীকালের মধ্যে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় ৭০তম লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ফুটবল প্রতিযোগীতার ফাইনালে আলগাপুর ফুটবল ক্লাব বিজয়ী হয়েছে । গতকাল নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত ফাইনাল খেলায় আলগাপুর ফুটবল ক্লাব ৩-১ গোলের ব্যবধানে রয়্যাল এসোসিয়েশন দলকে পরাজিত করে । ম্যাচ শেষে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সভাপতি গৌতম রায় , সচিব শৈবাল সেনগুপ্ত খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জমি সংক্রান্ত ফিল্ড নামজারীর বিপরীতে তিন বছরের মধ্যে অন লাইনে অভিযোগ দাখিল করা যাবে । নামজারী এবং বাটোয়ারা সংক্রান্ত অভিযোগ জেলা আয়ুক্ত বা অতিরিক্ত আয়ুক্তের কাছে ওন লাইনে জানানো যাবে । এ জন্য rccms.assam.gov.in এর মাধ্যমে আবেদন দাখিল করা যাবে ।

--------------------------------------------------------------------------------